

নম্বর ৪১.০১.৭৫০৭.০০০.১৬.০০১.২০.৩৬

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৭
০৮ আগস্ট ২০২০

বিজ্ঞপ্তি

সমাজসেবা অধিদফতর, ঢাকা এর স্মারক নম্বর ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.১৪.৩১০ তারিখ-০৯/৭/২০২০ খ্রি. এর নির্দেশনা মোতাবেক উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ কর্তৃক পরিচালিত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা দুস্থ মহিলা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের সকল ভাতাভোগী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ভাতার টাকা দ্রুত ও সহজে ভাতাভোগীদের নিকট পৌঁছানোর লক্ষ্যে G2P এর আওতায় সকল ভাতাভোগীর তথ্য ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম(MIS)এ এন্ট্রি করা হবে। প্রয়োজনীয় কাগজপত্রসহ সংযুক্ত সময়সূচি মোতাবেক ভাতাভোগীদের সংশ্লিষ্ট পৌরসভায় এবং ইউনিয়ন পরিষদ কার্যালয়ে স্বশরীরে উপস্থিত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো, অন্যথায় আপনার ভাতার বই বাতিল করা হবে। গুরুতর অসুস্থ ব্যক্তিদের কাগজপত্র সংশ্লিষ্ট তথ্য সংগ্রহকারীর নিকট জমা দিলে সে মোতাবেক তথ্য সংগ্রহকারীগণ অসুস্থ ভাতাভোগীদের বাড়ীতে গিয়ে ভাতাভোগী শনাক্ত করবেন। করোনা ভাইরাসের কারণে সামাজিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। সকল সচেতন নাগরিককে বিষয়টির খবর তাঁর নিকটবর্তী ভাতাভোগীদের নিকট পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। **ভাতাভোগীদের নিম্নবর্ণিত কাগজপত্র সাথে আনতে হবে:**

- ভাতার মূল বই;
- জাতীয় পরিচয়পত্র(এনআইডি) এর মূলকপি এবং ০২টি ফটোকপি;
- জাতীয় পরিচয়পত্র(এনআইডি) এর ফটোকপির উপরে নিজের অথবা পরিবারের যেকোন সদস্যের সঠিক ও নির্ভুল একটি মোবাইল নম্বর, বই নম্বর, প্রথম ভাতাগ্রহণের তারিখ লিখে আনতে হবে;
- প্রতিবন্ধী ভাতাভোগীগণ ভাতার বই, মোবাইল নম্বর, জাতীয় পরিচয়পত্র(এনআইডি) ১৮ বছরের কম বয়সীদের অনলাইন জন্মসনদ এর মূলকপিসহ ২টি ফটোকপি ১টিতে তার তথ্যালিপি বন্ধকরত: প্রতিবন্ধী পরিচয়পত্রের মূলকপি ও ১টি ফটোকপি সাথে আনতে হবে।

সংযুক্ত: সময়সূচি-৪ পাতা।

৮-৮-২০২০

মোহাম্মদ আবুল কাশেম
উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০৩২১৫১৯২৩

ফ্যাক্স: ০৩২১৫১১০৫

ইমেইল:

usso.begumganj@dss.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় জাতীয় সংসদ সদস্য ২৭০, নোয়াখালী-৩, বেগমগঞ্জ
- ২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৩) মেয়র, চৌমুহনী পৌরসভা
- ৪) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৬) চেয়ারম্যান (সকল),ইউনিয়ন পরিষদ, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৭) ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৮) ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, বেগমগঞ্জ, নোয়াখালী
- ৯) উদ্যোক্তা (সকল), পৌরসভা/ইউনিয়ন ডিজিটাল সেন্টার, বেগমগঞ্জ, নোয়াখালী
- ১০) অফিস কপি